গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০১.১৯.

তাং-------/-------/১৪২৮ বঙ্গাব্দ
/ /২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: কারণ দর্শানো।

সূত্র: দৈনিক পূর্বাঞ্চল পত্রিকায় গত ১৬-০৮-২০২১ খ্রি: তারিখের প্রকাশিত সংবাদ এবং পরিচালক, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা বরাবর স্বাধীনতা নার্সেস পরিষদ কর্তৃক স্মারক লিপি পেশ।

উপর্যক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব রোকেয়া খাতুন, নার্সিং সুপারভাইজার, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা গত ১৫ আগস্ট বঙ্গবন্ধুর বেদীতে শ্রদ্ধা জানাতে সবাই খালি পায়ে উঠলেও আপনি জুতা পায়ে বেদীতে উঠেন। এ বিষয়ে দৈনিক পূর্বাঞ্চল পত্রিকায় ১৬-০৮-২০২১ খ্রি: তারিখে একটি খবর প্রকাশিত হয় এবং স্বাধীনতা নার্সেস পরিষদ কর্তৃক পরিচালক, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা বরাবর স্মারকলিপি পেশ করা হয়।

২। বর্ণিত অবস্থায়, এহেন গর্হিত কর্মকান্ডের জন্য কেন আপনার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে না তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল। ব্যর্থতায় আপানার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বা:
মো: নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)

জনাব রোকেয়া খাতুন
নার্সিং সুপারভাইজার
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০১.১৯.৩৩৮-৪(৮)

তাং- ০৩/৫/১৪২৮ বঙ্গাব্দ
১৮/০৮/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। যুগ্ম সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। পরিচালক, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।
০৫। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। সেবা তত্ত্বাবধায়ক, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৮। জনাব রোকেয়া খাতুন, নার্সিং সুপারভাইজার, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।

১৮/৮/২১
মো: নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

তাগিদ পত্র

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৭৭.২০২১/

তাং--------------- /১৪২৮বঙ্গাব্দ।
/২০২১খ্রিষ্টাব্দ।

বিষয় ঃ ভুয়া বিলের মাধ্যমে আত্নসাৎকৃত অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান প্রসংগে।

যেহেতু, আপনি জনাব দিলারা জাহান (পিতা-মোঃ দেলোয়ার হোসেন), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (সাবেক কর্মস্থল ঢাকা মেডিকেল হাসপাতাল, ঢাকা) কর্তৃক উৎসব ভাতা বাবদ টাকা-২৮,৪৮,১২০/-(আটাইশ লক্ষ আট চল্লিশ হাজার একশত বিশ টাকা) ভুয়া বিলের মাধ্যমে আনলাইনে ইএফটি করে আত্নসাৎ করা হয়েছে মর্মে অভিযোগ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্সের কার্যালয়, হিসাব বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক ২৩/০২/২০২১খ্রিঃ তারিখের সিএএফও/প্রশাঃ/১৩২৩ নং স্মারকে এ অধিদপ্তরে প্রেরণ করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট, ঢাকা কর্তৃক ১৪/০৩/২০২১খ্রিঃ তারিখের ১৫৮ নং স্মারকে এ অধিদপ্তরে প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে আনীত অভিযোগ তদন্তের জন্য এ অধিদপ্তরের ১১/০৩/২০২১খ্রিঃ তারিখের ১৬০ নং স্মারকে নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক ০৮/০৪/২০২১খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রামাণিত হয়েছে। আপনা কর্তৃক আত্নসাৎকৃত টাকা-২৮,৪৮,১২০/-(আটাইশ লক্ষ আট চল্লিশ হাজার একশত বিশ টাকা) এর মধ্যে টাকা-৩,০০,০০০/-(তিন লক্ষ টাকা) ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। অবশিষ্ট টাকা-২৫,৪৮,১২০/- (পঁচিশ লক্ষ আটচল্লিশ হাজার একশত বিশ টাকা) ট্রেজারী চালানের মাধ্যমে জরুরী ভিত্তিতে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক এ অধিদপ্তরকে অবহিত কারার জন্য ০২/০৬/২০২১খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৭৭.২০২১/২৪৯ নং স্মারকে আপনাকে নির্দেশ প্রদান করা প্রদান করা হয়। উক্ত টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করার বিষয়টি অদ্যাবধি এ অধিদপ্তরকে অবহিত করা হয় নি।

সেহেতু, আপনি জনাব দিলারা জাহান (পিতা-মোঃ দেলোয়ার হোসেন), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (সাবেক কর্মস্থল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা) কর্তৃক উৎসব ভাতা বাবদ আত্নসাৎকৃত টাকা-২৮,৪৮,১২০/- (আটাইশ লক্ষ আট চল্লিশ হাজার একশত বিশ টাকা) এর মধ্যে অবশিষ্ট টাকা-২৫,৪৮,১২০/- (পঁচিশ লক্ষ আটচল্লিশ হাজার একশত বিশ টাকা) ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জরুরী ভিত্তিতে জমা প্রদানপূর্বক এ অধিদপ্তরকে অবহিত কারার জন্য আপনাকে পুনরায় নির্দেশ প্রদান করা হল।

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd.

জনাব দিলারা জাহান
পিতা-মোঃ দেলোয়ার হোসেন
সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী ।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৮০.২০২১/ ৬০৯/১(৯)

তাং ০৬/৫ /১৪২৮বঙ্গাব্দ।
১৮/৮ /২০২১খ্রিষ্টাব্দ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। যুগ্নসচিব, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চিফ একাউন্ট এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্সের কার্যালয়, হিসাব বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৪। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৫। সিভিল সার্জন, নোয়াখালী।
৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী।
৭। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, নোয়াখালী।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৮/৮/২১
(মোঃ নাসির উদ্দিন)
(উপসচিব)
পরিচালক(প্রশাসন ও শৃঙ্খলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৬.১৯/ তাং---------------------------/১৪২৮বঙ্গাব্দ। /২০২১খ্রিস্টাব্দ।

## আদেশ

জনাব পারভীন বানু, পিতা-টুকু মিয়া, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া (সাবেক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম)-কে ১৯/০৯/২০১৯খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৬.১৯/৩৭০ নং স্মারকের আদেশে ০১(এক) বৎসরের জন্য ০১(এক)টি বার্ষিক বর্ধিত বেতন বৃদ্ধি স্থগিত রাখার আাদেশ প্রদান করা হয়। উক্ত আদেশে অন্য কোন শর্ত প্রদান করা হয়নি বিধায় শাস্তির মেয়াদ ৩০/০৬/২০২১খ্রিঃ তারিখ উত্তীর্ণের কারণে বাংলাদেশ সার্ভিস রুলস পার্ট-১ এর বিধি-৪৫ মোতাবেক তার স্থগিতকৃত বার্ষিক বর্ধিত বেতন ০১/০৭/২০২১খ্রিঃ তারিখ হতে সমন্বয়ের মঞ্জুরী প্রদান করা হল।

এ আদেশ তার স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ২৪/০৭৮২০২১খ্রিঃ তারিখের মোঃআঃহাঃ/নার্স/বগ/২১/৭০১০ নং স্মারকে প্রেরিত তার ২৪/০৭/২০২১খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে জারী করা হলো।

স্বাঃ-
(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৬.১৯/ ৬৪০/১(৮) তাং ০৬/৫ /১৪২৭বঙ্গাব্দ। ২৮/৮ /২০২১খ্রিস্টাব্দ।

অনুলিপি জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক (উপপরিচালক), ২৫০ শয্যা বিশিষ্ট মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া।
৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বগুড়া।
৪। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (এ আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৫। সেবা তত্ত্বাবধায়ক/ উপসেবা তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া।
৬। জনাব পারভীন বানু, পিতা-টুকু মিয়া, সিনিয়র স্টাফ নার্স, ২৫০ শয্যা বিশিষ্ট মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৮। অফিস কপি।

২৮/৮/২১
(মোঃ নাসির উদ্দিন)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩৪০.২০২০/ তাং------------------------- /১৪২৮বঙ্গাব্দ।
/২০২১খ্রিস্টাব্দ।

## আদেশ

যেহেতু জনাব মোছাঃ ফাতেমা খাতুন, পিতা-গৌরাঙ্গ দেব, সিনিয়র স্টাফ নার্স (সাময়িক বরখাস্ত), শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, হাসপাতাল, বগুড়া এর বিরুদ্ধে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-৩, বগুড়া এর জি,আর নং-২৮৬/২০১৯(সদর), তারিখ-১৫/০৩/২০১৯খ্রিঃ, ধারা-৩৭৯/৪১১ পেনেল কোড-১৮৬০ মূলে মৌজদারী মামলার আসামী হওয়ায় তাকে সরকারি বিধি ও স্মারক নং-F.32/48-Es(SE), তারিখঃ ২১ জুলাই, ১৯৪৯ ধারা (গ) অনুযায়ী সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর বিধি-৩ এর বিধি-১১ মোতাবেক ২০/০৫/২০১৯খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১ফ-৬২৬/২০১৩/২২১ নং স্মারকে তাকে সরকারী চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত (Temprorary Suspend) করা হয়।

২। যেহেতু মাননীয় সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-৩, বগুড়া কর্তৃক উক্ত মামলায় ০৮/০৩/২০২১খ্রিঃ তারিখের আদেশে তার বিরুদ্ধে আরোপিত পেনেল কোডের-৩৭৯/৪১১ ধারায় অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে নির্দোষ সাব্যস্তক্রমে উক্ত ধারার অভিযোগ থেকে খালাস প্রদান করা হয়েছে।

৩। সেহেতু এক্ষণে নিম্নোক্ত আদেশ প্রদান করা হল :

(ক) জনাব মোছাঃ ফাতেমা খাতুন, পিতা-গৌরাঙ্গ দেব, সিনিয়র স্টাফ নার্স (সাময়িক বরখাস্ত), শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, হাসপাতাল, বগুড়া এর সাময়িক বরখাস্তের আদেশ নং-ডিজিএনএম/শা-১/১ফ-৬২৬/২০১৩/২২১, তারিখ-২০/০৫/২০১৯ খ্রিঃ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তাকে সরকারী চাকরিতে পুনর্বহাল করা হল।

(খ) জনাব মোছাঃ ফাতেমা খাতুন, পিতা-গৌরাঙ্গ দেব, সিনিয়র স্টাফ নার্স, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, হাসপাতাল, বগুড়া এর সাময়িক বরখাস্তকালীন সময়কাল কার্যকাল হিসেবে গণ্য করা হল এবং তিনি বিধি মোতাবেক খোরপোষভাতা সমন্বয়পূর্বক বকেয়া বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।

৪। এ আদেশ পরিচালক, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, হাসপাতাল, বগুড়া এর ১১/০৪/২০২১খ্রিঃ তারিখের শাজিমেকহাঃ/বগ/প্রশাঃ/২০২১/১৬৬১ নং স্মারকে প্রেরিত পত্রের আলোকে এবং জেলা পাবলিক হেল্‌থ নার্স, সিভিল সার্জন অফিস, বগুড়া কর্তৃক যাচাইকরণ পূর্বক ০৪/০৭/২০২১খ্রিঃ তারিখে প্রেরিত পত্রের প্রেক্ষিতে জারি করা হল।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ-
(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩৪০.২০২০/৬৪১/১(৮) তাং ০৩/৫ /১৪২৮বঙ্গাব্দ।
১৮/৮/২০২১খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, হাসপাতাল, বগুড়া।
৩। পরিচালক (অর্থ ও বাজেট), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বগুড়া।
৫। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)।
৬। সেবা তত্ত্বাবধায়ক, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, হাসপাতাল, বগুড়া।
৭। জনাব মোছাঃ ফাতেমা খাতুন, পিতা-গৌরাঙ্গ দেব, সিনিয়র স্টাফ নার্স, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, হাসপাতাল, বগুড়া।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৮/৮/২১
(মোঃ নাসির উদ্দিন)
(উপসচিব)
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)।